গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০০২.১৭.(অংশ-৫) ২৬০

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৬
০৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয় : "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা গত ০৪/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মোঃ শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
৭. যুগ্ম সচিব (কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১০. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার নোটিশ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

-১৫৯-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
উন্নয়ন অনুবিভাগ
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

বিষয়ঃ "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ০৪/০৯/২০১৯, বিকাল ৩.৩০ ঘটিকা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত ডিপিপি'র প্রভিশন অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী উপপ্রধানকে প্রকল্পটি সভায় উপস্থাপনের আহ্বান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান সভাকে অবহিত করেন যে, "ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধনী)''শীর্ষক প্রকল্পটি ৪৬৪৭৯.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৫ হতে ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯০% এবং আর্থিক অগ্রগতি ৮৪%। চলতি ২০১৯-২০ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে মাত্র ১.০০ (এক) লক্ষ টাকা বরাদ্দ আছে এবং প্রকল্পটি সমাপ্ত করতে প্রায় ৫৪০০.০০ লক্ষ টাকা প্রয়োজন হবে মর্মে কারা অধিদপ্তর হতে পত্র পাওয়া গেছে, যা চলতি ২০১৯ -২০ অর্থবছরের সুরক্ষা সেবা বিভাগের অনুকূলে থোক হিসেবে বরাদ্দকৃত ১৬৮৫৯.০০ লক্ষ টাকা হতে প্রদান করা যেতে পারে। নির্ধারিত সময়ে প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন করার জন্য গণপূর্ত বিভাগের জোর তদারকির উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, নির্ধারিত সময়ে প্রকল্পটি সুষ্ঠুভাবে সমাপ্তির লক্ষ্যে প্রকল্পের আন্ত:অঙ্গ সমন্বয়ের প্রস্তাব করা হয়েছে। তিনি আন্ত:অঙ্গ সমন্বয়ের উল্লেখযোগ্য অংশ সমূহ সভায় উস্থাপন করেন। প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, কিছু কিছু অঙ্গের খরচ বাস্তব প্রয়োজনে বেড়েছে এবং কতিপয় অঙ্গের কাজের পরিমান ইতোমধ্যে সমাপ্ত হওয়ায় ব্যয় হ্রাস পেয়েছে। তিনি প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ঠিক রেখে আন্ত:অঙ্গ সমন্বয় করার উপর গুরুত্বারোপ করেন।

৪। নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, নিমোক্ত বিষয় সমূহের ব্যয় হ্রাস/বৃদ্ধি করা হয়েছে:

(ক) সীমানা প্রাচীরের উত্তর পার্শ্বে নিচু জমিতে পাইলসহ ৩০ ফুট উচ্চতার আরসিসি কাঠামো করার ফলে অতিরিক্ত ২.৪৯ কোটি টাকা খরচ বেড়েছে। ডিপিপি'তে বরাদ্দ ১৬.৯১ কোটি টাকা এবং প্রস্তাবিত ব্যয় ১৯.১০ কোটি টাকা;

(খ) চুড়ান্ত মাস্টার প্লান অনুযায়ী বিভিন্ন ভবনের (পুরুষ ও মহিলা ব্যারাক, পুরুষ ও মহিলা বিশ্রামাগার, ভার্চুয়াল কোর্ট, ডিআইজি আবাস এবং ইন্টারভিউ ব্লক-২) সংযোগকারী রাস্তা নির্মাণের জন্য অতিরিক্ত ১.২০ কোটি টাকা প্রয়োজন;

(গ) বিপদজনক বন্দি সেল (মহিলা জেল) এর নিরাপত্তা বিবেচনায় সীমানা প্রাচীরের উচ্চতা বেড়ে যাওয়ায় অতিরিক্ত ৪২.৫৬ লক্ষ টাকা প্রয়োজন;

(ঘ) প্রধান ফটকের স্থাপত্য নকশা অনুযায়ী সৌন্দর্য বর্ধণ কাজে ৪২.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে;

(ঙ) কারাগারের চাহিদা অনুযায়ী দুইটি ওয়াশিং প্লান্ট (বয়লারসহ) স্থাপনের জন্য অতিরিক্ত ১.০০ কোটি টাকা (পূর্ত কাজসহ) প্রয়োজন হবে;

(চ) মহিলা ও পুরুষ কারাগারের পুকুরের পানি সংরক্ষণ কাজের জন্য অতিরিক্ত ০১ কোটি টাকার সংস্থান রাখা আবশ্যক;

(ছ) বহি:পানি সরবরাহ কাজে ২.৬৪ কোটি টাকা ব্যয় হ্রাস করা হয়েছে;

-২-

(জ) এলপিজি গ্যাস সংযোগ কাজে ১.৮০ কোটি টাকা হ্রাস করা হয়েছে;

(ঝ) বৈদ্যুতিক কাজে ৪৫.৬৩ লক্ষ টাকা হ্রাস এবং চিলড্রেন ডে কেয়ার কাজে ৪৫ লক্ষ টাকা হ্রাস করা হয়েছে।

৫। উপ প্রধান জানান যে, আন্ত:অঙ্গের প্রস্তাব পর্যালোচনান্তে দেখা যাচ্ছে যে, Administrative Guard রুমে ৪.০০ লক্ষ, Male Convicted Prisoner's ওয়ার্ডে ৫.২৪ লক্ষ, Dangerous Prisoner's Cell এ ০.৮০ লক্ষ, Flour Mill এ ২.৫৩ লক্ষ, Workshed নির্মাণে ২.০০ লক্ষ, মহিলা জেলের Day time Bathing এ ২৪.১১ লক্ষ, সিকিউরিটি সেলের জন্য ৪২.৫৬ লক্ষ, Daytime Latrine এ ২.৫৫ লক্ষ, পেরিমিটার ওয়ালে ১২.০০ লক্ষ, ১২৫০ বর্গফুট কোয়ার্টারে ১১.৯০ লক্ষ, ১০০০ বর্গফুট কোয়ার্টারে ২.৯৪ লক্ষ টাকা বৃদ্ধির প্রস্তাব যৌক্তিক নয় বিধায় বাদ দেয়া যেতে পারে। তিনি আরো বলেন যে, অভ্যন্তরীণ রাস্তার পরিমাণ এবং প্রাক্কলিত ব্যয় ১০৩.৪২ লক্ষ হতে বৃদ্ধি করে ২২৩.৪২ লক্ষ করা হয়েছে, যা যৌক্তিক নয়। তাছাড়া, প্রকল্প এলাকা পরিদর্শনকালে অভ্যন্তরীণ রাস্তার নির্মাণ কাজ অতি নিম্ন মানের পরিলক্ষিত হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। Arboriculture এর ব্যয় ৬০.০০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ৭২.০০ লক্ষ টাকায় প্রস্তাব করা হয়েছে। তিনি জানান পরিদর্শনকালে প্রকল্প এলাকায় অপরিকল্পিত ভাবে গাছ লাগানো পরিলক্ষিত হয়েছে। কোন প্রজাতির কতটি গাছ লাগানো হয়েছে এবং এ খাতে কোন অর্থবছরে কত টাকা খরচ করা হয়েছে তার তথ্য প্রদান করা যেতে পারে। সভায় বাস্তব অবস্থা বিবেচনা করে অঙ্গাভিত্তিক ব্যয় যৌক্তিক ভাবে প্রাক্কলনের নির্দেশনা প্রদান করা হয়।

৬। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি আন্ত:অঙ্গ সমন্বয়ের বিষয়গুলো আরো পর্যালোচনা করে ব্যয় যুক্তিযুক্ত ভাবে নির্ধারণের পরামর্শ প্রদান করেন। আইএমইডির প্রতিনিধি প্রকল্পটি নির্ধারিত সময়ে অর্থাৎ ডিসেম্বর ২০১৯ এ সমাপ্তির উপর জোর তাগিদ প্রদান করেন। সভায় আন্ত:অঙ্গ সমন্বয়ের বিষয়গুলো আরো পর্যালোচনা করে ব্যয় যুক্তিযুক্ত ভাবে নির্ধারণ করা এবং কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের সমুদয় কাজ ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত করার নির্দেশ প্রদান করা হয়।

৭। **বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

৭.১ কারা অধিদপ্তর হতে ১টি কমিটি গঠন করে অভ্যন্তরীণ রাস্তা এবং বাউন্ডারি ওয়ালের বাস্তব পরিমান নির্ধারন এবং প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা;

৭.২ কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তাদের পরামর্শ অনুসারে পুকুরে পানি ধরে রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৭.৩ যে সকল কম্পোনেন্টে ১০.০০ লক্ষ টাকার নীচে বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে সে সকল কম্টোনেন্টের টেন্ডার ডকুমেন্টসহ ওয়ার্ক এওয়ার্ড পরীক্ষা করে কারা অধিদপ্তর হতে সুনির্দষ্ট প্রস্তাব ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা;

৭.৪ মহিলা কারাগারের ডে টাইম বাথিং, সিকিউরিটি সেলের ডিজাইন ও প্রাক্কলন মূলগেইট এবং Arboriculture এর সমুদয় ডকুমেন্টস কারা অধিদপ্তর পরীক্ষা করে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় হতে পরীক্ষা নিরীক্ষা করে এ সকল কম্পোনেন্টের প্রাক্কলিত ব্যয়ের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে;

৭.৫ কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের সমুদয় কাজ ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত করা;

৭.৬ অক্টোবর মাসে পিআইসি সভা আহবান করা;

৭.৭ ডিপিপি'তে প্রাক্কলিত ব্যয়ের অধিক কোন কম্পোনেন্টের NOA প্রদান করা হলে তার যৌক্তিকতা প্রদান করা;

৭.৮ প্রকল্পের আন্ত:অঙ্গ সমন্বয়ের বিষয়গুলো আরো পর্যালোচনা করে ব্যয় যুক্তিযুক্ত ভাবে নির্ধারণ করে আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ;

৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

-১৫৮-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-২

০৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখ রোজ বুধবার বিকাল ৩.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মেজর আবদুল মমিন, অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01916-044166 | [illegible] ০৪/৯/১৯ |
| ২। | ব্রি: জে: [illegible], [illegible] (প্রিজনস) | কারা অধিদপ্তর | 01769-770000 | [illegible] |
| ৩। | মো: [illegible], তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01534503405 | [illegible] |
| ৪। | মো: [illegible], যুগ্ম সচিব | অর্থ বিভাগ | | [illegible] |
| ৫। | মো: [illegible] ইসলাম, DIRECTOR | IMED | 01798758956 | [illegible] |
| ৬। | আবদুল্লাহ আল মামুন, নির্বাহী প্রকৌশলী | PWD | 01817549415 | [illegible] |
| ৭। | শেখ মো: [illegible], প্রধান [illegible] | PWD | 01866-302985 | [illegible] 04.09.19 |
| ৮। | নিয়াজ মো: তানভীর আলম, নির্বাহী প্রকৌশলী ([illegible]) | PWD | 01911295559 | [illegible] ০৪/০৯/১৯ |
| ৯। | সৌরভ রায়, SDE, PWD, Mymensingh | PWD | 01725425556 | [illegible] 04.09.19 |
| ১০। | মো: নুরুল আলম চৌধুরী, প্রকল্প পরিচালক (উপসচিব) | কারা অধিদপ্তর | [illegible] | [illegible] |
| ১১। | এ.এস.এম. [illegible], নির্বাহী প্রকৌশলী, [illegible] | PWD | 01780302471 | [illegible] |

| ক্র. নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২। | রেজাউল আলম চৌধুরী<br>যুগ্ম প্রধান | পরিকল্পনা কমিশন | 01748793022 | [signature] |
| ১৩। | নুসরাত জাহান<br>সহকারী প্রধান স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01714241902 | Nusrat Jahan |
| ১৪। | মোহাম্মদ বদরুল আলম খান<br>নির্বাহী প্রকৌশলী | ময়মনসিংহ বিভাগ | 01711244408 | [signature] |
| ১৫। | মো: কামরুজ্জামান চৌধুরী<br>উপ-সহ: প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01558329539 | [signature] |
| ১৬। | [illegible]<br>[illegible] | মানবজমিন পত্রিকা | 01752084516 | [signature] |
| ১৭। | [illegible]<br>[illegible] | SSD | 01727202762 | [signature] |
| ১৮। | শিরিন আখতার<br>[illegible] | [illegible] | 0884632238<br>28 | [signature] |
| ১৯। | [illegible]<br>[illegible] | SSD | 01711435104 | [signature] |
| ২০। | মো: মিজানুর রহমান<br>[illegible] | SSD | | [signature] |
| ২১। | | | | |
| ২২। | | | | |
| ২৩। | | | | |
| ২৪। | | | | |
| ২৫। | | | | |